৪৮

দৈনিক ইনকিলাব

তারিখ ... FEB. 1-4 2000 ...
পৃষ্ঠা ১৫ কলাম ৪

# তথ্য প্রতিমন্ত্রীর ক্ষোভের কারণে!

**সরকার আরিফুর রহমান ঃ** শুধু রাজনৈতিক প্রতিদ্বন্দ্বী হওয়ায় শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের রুমে প্রতিষ্ঠাতার ছবি ঝুলানো দেখলেই তথ্য প্রতিমন্ত্রী আবু সাইয়িদ সাহেব ক্ষিপ্ত হয়ে ওঠেন। প্রকাশ, গত ৩ ফেব্রুয়ারী সকাল ১০টার দিকে তথ্য প্রতিমন্ত্রী আবু সাইয়িদ সাহেব পরিদর্শনের নামে বেড়া মনজুর কাদের মহিলা ডিগ্রী কলেজের প্রিন্সিপ্যালের রুমে ঢোকেন। তথ্য প্রতিমন্ত্রীর আগমনে কলেজের প্রিন্সিপ্যাল ও লেকচারারগণ কলেজ প্রতিষ্ঠাতা মনজুর কাদেরের ছবি খুলে তথ্য প্রতিমন্ত্রীর ভয়ে আড়ালে লুকিয়ে রাখেন।

এক সময়ের পাবনা-১ আসনের সংসদ সদস্য মনজুর কাদের তার নির্বাচনী এলাকায় ২টি কলেজ ও ৫টি উচ্চ বালক/বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিষ্ঠাতার ছবি প্রধানের রুমে ঝুলানো থাকত।

মনজুর কাদেরের অর্থে গড়া শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে স্থানীয় সংসদ সদস্য হিসেবে তথ্য প্রতিমন্ত্রী পরিদর্শনে গেলে প্রতিষ্ঠানের প্রধানগণ ও তার সহকর্মীরা বিড়ম্বনার শিকার হন।

তথ্য প্রতিমন্ত্রীর আগমনে বেড়া মনজুর কাদের মহিলা ডিগ্রী কলেজের প্রিন্সিপ্যালের রুম থেকে প্রতিষ্ঠাতার ছবি খুলে ফেলার ঘটনায় এলাকার অভিজ্ঞমহলের অনেকেই টিপ্পনী কেটে মন্তব্য করেন, তথ্য প্রতিমন্ত্রী মনজুর কাদেরের মুখ দেখা তো দূরের কথা, তার নামের শিক্ষা প্রতিষ্ঠানে ছবি দেখতেও রাজি নন।

উল্লেখ্য, স্থানীয় সংসদ সদস্য হিসেবে তথ্য প্রতিমন্ত্রী বেড়া মনজুর কাদের মহিলা ডিগ্রী কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন।

58